অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/14/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের উৎপাদনমুখী শিল্পখাতকে শক্তিশালী করতে গভর্নর হোকলের নিউ ইয়র্ক টেক্সটাইল আইন স্বাক্ষর

এই আইন (S.8741A/A.9649A) প্রাণী ও উদ্ভিদভিত্তিক আঁশ উৎপাদন, প্রক্রিয়াকরণ, ও টেক্সটাইল প্রস্তুতকরণে সহায়তা করার জন্য স্টেটের সক্ষমতাকে সম্প্রসারণ করছে

গভর্নর ক্যাথি হোকল আজ অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচিগুলোর মাধ্যমে নিউ ইয়র্কের টেক্সটাইল প্রস্তুতকরণ শিল্পকে সহায়তা করার জন্য আইন (S.8741A/A.9649A) স্বাক্ষর করেছেন। এসব কর্মসূচির মধ্যে বার্ষিক ফার্ম স্বীকৃতি কর্মসূচি, ক্ষুদ্র ব্যবসাগুলোর জন্য স্টেটের ক্রয় প্রক্রিয়া সংক্রান্ত প্রশিক্ষণ, এবং নিউ ইয়র্কের সংশ্লিষ্ট পণ্য ও প্রক্রিয়াগুলোর জন্য এক্সেলসিয়র জবস কর্মসূচি অন্তর্ভুক্ত রয়েছে।

"আমরা নিউ ইয়র্কে উৎপাদিত ও প্রস্তুতকৃত টেক্সটাইলে শক্তিশালী বিনিয়োগ নিয়ে আসছি, যা আমাদের ব্যবসা প্রতিষ্ঠানগুলোর শক্তিশালী ও উদ্ভাবনমূলক থাকার বিষয়টি নিশ্চিত করছে," **বলেছেন গভর্নর হোকল।** "এই আইন স্বাক্ষর করতে পেরে আমরা গর্বিত, যেটি নিউ ইয়র্কের কৃষকদেরকে সহায়তা করবে এবং এই স্টেটকে নিজের ঠিকানা বানিয়ে নেওয়া উদীয়মান টেক্সটাইল শিল্পগুলোর সম্প্রসারণের ভিত্তি স্থাপন করবে, যা আগামী কয়েক দশকব্যাপী আমাদের অর্থনৈতিক সমৃদ্ধিতে সাহায্য করবে।"

এই আইন (S.8741A/A.9649A), যেটি নিউ ইয়র্ক টেক্সটাইল আইন হিসেবে নামকরণ করা হয়েছে, উদ্ভিদ বা প্রাণী থেকে আঁশ উৎপাদনকারী কৃষকদেরকে টেক্সটাইল শিল্পের সঙ্গে এমন উপায়ে সংযোগ স্থাপন করতে সাহায্য করবে যা উদ্ভাবন, টেকসই উন্নয়ন, এবং নিউ ইয়র্কের উৎপাদিত উদ্ভিদ ও প্রাণী থেকে পাওয়া আঁশের জন্য নতুন বিপণনের সুযোগ নিয়ে আসতে সহায়তা করবে। টেক্সটাইলের জন্য স্থানীয় চাহিদার প্রতি জোর দেওয়ার মাধ্যমে, পাট, ভেড়া, ছাগল, আলপাকা ও অন্যান্য উৎস থেকে পাওয়া নিউ ইয়র্কে উৎপাদিত আঁশের খামার এবং টেক্সটাইল উৎপাদনকারীদের জন্য নতুন সুযোগ তৈরি করবে।

সুনির্দিষ্টভাবে এই আইন:

- প্রধানত নিউ ইয়র্ক স্টেটে চাষকৃত বা উৎপাদিত প্রাণিজ বা উদ্ভিজ্জ আঁশ থেকে প্রস্তুতকৃত প্রাণিজ বা উদ্ভিজ্জ আঁশের পণ্য ক্রয় করার ক্ষেত্রে সরকারি সংস্থাগুলোর জন্য নিজস্ব বিবেচনা অনুযায়ী ক্রয়ের সীমা নির্ধারণ করছে;
- প্রধানত নিউ ইয়র্ক স্টেটে চাষকৃত বা উৎপাদিত প্রাণিজ বা উদ্ভিজ্জ আঁশ থেকে নিউ ইয়র্ক স্টেটে প্রস্তুতকৃত টেক্সটাইলের জন্য কৃষক, আঁশ প্রক্রিয়াকারক, এবং টেক্সটাইল প্রস্তুতকারক ও খুচরা বিক্রেতাদের অসাধারণ প্রচেষ্টার স্বীকৃতিস্বরূপ একটি বার্ষিক নিউ ইয়র্ক প্রাণিজ বা উদ্ভিজ্জ আঁশ ও টেক্সটাইল অ্যাওয়ার্ড প্রতিষ্ঠা করছে;
- প্রাণিজ বা উদ্ভিজ্জ আঁশ উৎপাদন শিল্প এবং সেইসাথে আঁশ প্রক্রিয়াকরণ ও টেক্সটাইল প্রস্তুতকরণ সম্প্রসারণের প্রসার ঘটানোর উদ্দেশ্যে বিদ্যমান প্রবিধানগুলো সমৃদ্ধ করার জন্য অর্থনৈতিক উন্নয়ন আইন সংশোধন করছে;
- যেটি প্রধানত নিউ ইয়র্ক স্টেটে চাষকৃত বা উৎপাদিত প্রাণিজ বা উদ্ভিজ্জ আঁশ থেকে নিউ ইয়র্ক স্টেটে প্রস্তুতকৃত টেক্সটাইল পণ্য উৎপাদন ও বিক্রয়ের জন্য বিপণন সহায়তা প্রদান করতে নিউ ইয়র্কের বিদ্যমান গ্রোন এন্ড সার্টিফাইড (Grown and Certified) কর্মসূচির সঙ্গে যোগ হচ্ছে;
- প্রাণিজ ও উদ্ভিজ্জ আঁশ সংক্রান্ত গবেষণা ও উন্নয়ন এবং আঁশ টেক্সটাইল প্রস্তুতকরণ শিল্প ও ফলিত গবেষণা সম্পর্কে পরামর্শ প্রদানের জন্য অর্থনৈতিক উন্নয়ন বিভাগকে অনুমোদন দিচ্ছে; এবং,
- কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets)-এর কমিশনারের সভাপতিত্বে একটি প্রাকৃতিক আঁশ টেক্সটাইল ওয়ার্কগ্রুপ (Natural Fiber Textile Workgroup) তৈরি করেছে, যেটি (ক) নিউ ইয়র্ক স্টেটে প্রাণিজ ও উদ্ভিজ্জ আঁশ কৃষি ও টেক্সটাইল প্রস্তুতকরণের সাথে সম্পর্কিত অর্থনৈতিক অবদান এবং কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি করবে; (খ) সব ধরনের টেক্সটাইলের জন্য, যেমন পোশাক, হোম টেক্সটাইল পণ্য, ইন্ডাস্ট্রিয়াল টেক্সটাইল, এবং স্বাস্থ্যসেবা পণ্য, ইত্যাদির জন্য নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত ও প্রক্রিয়াকৃত প্রাকৃতিক আঁশের জন্য বেসরকারি বিনিয়োগ এবং সেগুলোর ব্যবহার বৃদ্ধি করবে; (গ) প্রাকৃতিক আঁশ টেক্সটাইলের জন্য জনসাধারণের মধ্যে বোধগম্যতা এবং গ্রহণযোগ্যতা বৃদ্ধি করবে; এবং (ঘ) নিউ ইয়র্কে উৎপাদিত প্রাকৃতিক আঁশ টেক্সটাইলের জন্য রপ্তানি ও বাজারের সুযোগ বৃদ্ধি করবে।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন, "আমাদের প্রাণিজ ও উদ্ভিজ্জ আঁশ টেক্সটাইল খামারীদেরকে নিউ ইয়র্ক স্টেট গ্রোন এন্ড সার্টিফাইড কর্মসূচিতে অংশগ্রহণের জন্য স্বাগত জানাতে পেরে আমরা গর্বিত, যেটি উচ্চ মানদণ্ড রক্ষা করে এবং পরিবেশগত স্থিতিশীলতার প্রতি লক্ষ্য রেখে পণ্য উৎপাদন করে তাদের জন্য বাড়তি বিপণন ও প্রচারণার সুযোগ প্রদান করছে। স্থানীয়ভাবে উৎপাদিত টেক্সটাইল, এবং সেগুলো উৎপাদনকারী কৃষকরা নিউ ইয়র্কের কৃষি খাতের একটি গুরুত্বপূর্ণ অংশ, এবং আমরা আমাদের উৎপাদনকারীদের ব্যবসা বড় করে তোলার এই সময়ে তাদেরকে সহায়তা করার প্রত্যাশা রাখি, যেটি স্টেটের অর্থনীতি এবং আমাদের স্থানীয় কমিউনিটিগুলোকে সমৃদ্ধ করবে।"

স্টেট সিনেটর মাইকেল হিনচি বলেন, "নিউ ইয়র্ককে খামারে উৎপাদিত টেক্সটাইলের জন্য একটি অর্থনৈতিক ও জলবায়ু-লড়াইয়ে অংশ নেওয়া সুপার পাওয়ারে পরিণত করার জন্য আমরা নিউ ইয়র্ক টেক্সটাইল আইন তৈরি করেছি, এবং আজ এটি স্বাক্ষর হওয়া একটি বৃহৎ জয় যা এই

উদীয়মান প্রস্তুতকারক খাতের উন্নতির জন্য প্রণোদনা প্রদান করছে। আমাদের আইনের মধ্য দিয়ে চালু হওয়ার পর, ভবিষ্যতের ফ্যাব্রিকগুলো নিউ ইয়র্কের খামারগুলোতে উৎপাদিত হবে যেখানে স্টেটজুড়ে একটি প্রস্তুতকরণ বাস্তুসংস্থান গড়ে তোলায় সহায়তা করতে ক্ষুদ্র ব্যবসাগুলো প্রণোদনা লাভ করবে। নিউ ইয়র্ক ফ্যাব্রিক খাতে উদ্ভাবনের নেতৃত্ব দেবে, এবং আমি এই বিলে আমার সহ পৃষ্ঠপোষক, অ্যাসেম্বলি সদস্য ক্যারিয়ার ওয়ার্নারকে এই শিল্পখাত-তৈরিকারী আইনের ব্যাপারে তার অংশীদারিত্বের জন্য এবং গভর্নর হোকলকে এটি স্বাক্ষর করার জন্য ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারি ওয়ার্নার বলেন, "ঐতিহাসিক কাল থেকে নিউ ইয়র্ক টেক্সটাইল উৎপাদনের ক্ষেত্রে নেতৃস্থানীয় স্টেটের অবস্থানে ছিল। এই আইন আমাদের স্টেটে প্রাণিজ ও উদ্ভিজ্জ আঁশের টেক্সটাইল শিল্পের অর্থনৈতিক ও পরিবেশগত ইতিবাচক প্রভাব এবং সীমাহীন সম্ভাবনাকে স্বীকৃতি দিচ্ছে। এই নতুন আইন প্রাণিজ ও উদ্ভিজ্জ আঁশকে মানসম্মত টেক্সটাইলে রূপান্তর করার সব স্তরে সহায়তা করবে এবং সম্প্রসারণে ভূমিকা রাখবে এবং হাডসন ভ্যালি টেক্সটাইল প্রকল্পের (Hudson Valley Textile Project) মতো বিদ্যমান কর্মসূচিগুলোকে সহায়তা করবে যেটি ইতোমধ্যে নিউ ইয়র্কের টেক্সটাইল শিল্পকে পুনর্নির্মাণ করছে। কর ক্রেডিট এবং স্টেট পণ্যের বিপণনে অন্তর্ভুক্ত হওয়া থেকে শুরু করে, স্টেটের প্রোকিউরমেন্ট কন্ট্রাক্টের দিকে নিয়ে যাওয়া প্রশিক্ষণ পর্যন্ত, এই বিল এই স্টেটে একটি শক্তিশালী এবং সমন্বিত টেক্সটাইল উৎপাদন শিল্পের সম্ভাবনাকে স্বীকৃতি দিচ্ছে। উদ্ভিজ্জ বা প্রাণিজ আঁশ দিয়ে টেক্সটাইল প্রস্তুতকরণের যেকোনো স্তরে যারা অসাধারণ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন তাদের স্বীকৃতি দেওয়ার জন্য একটি বার্ষিক পুরস্কার প্রতিষ্ঠা করার বিষয়টি নিয়ে আমি বিশেষভাবে উচ্ছসিত। নিউ ইয়র্কবাসীরা চ্যালেঞ্জকে সাদরে বরণ করে নেয় এবং আমি জানি এই প্রণোদনার মধ্য দিয়ে আমরা সবাই দুর্দান্ত সব উদ্ভাবন দেখতে পাবো।"

নিউ ইয়র্ক হচ্ছে বিশ্বের ফ্যাশন রাজধানী, যেখানে এম্পায়ার স্টেটে 900টিরও বেশি ফ্যাশন কোম্পানির সদরদপ্তর অবস্থিত। ঐতিহাসিক কাল থেকে নিউ ইয়র্ক একটি নেতৃস্থানীয় টেক্সটাইল-উৎপাদনকারী স্টেটের অবস্থানে ছিল, এবং হাডসন ভ্যালি টেক্সটাইল প্রকল্পের মতো আধুনিক কর্মসূচিগুলো নিউ ইয়র্কের টেক্সটাইল শিল্পকে আরো একবার শক্তিশালী করার জন্য কাজ করেছে। এই বিল সেই উদ্যোগকে অব্যাহত রাখবে এবং নিউ ইয়র্কের টেক্সটাইল উৎপাদনের সক্ষমতা সম্প্রসারণ করতে কাজ করবে।

স্থিতিশীল টেক্সটাইল হল ভবিষ্যতের ফ্যাশন আর নিউ ইয়র্ক স্টেট এই সমস্ত উপকরণ পরিবেশের সাথে সামঞ্জস্য রেখে উৎপাদনের পথ দেখানোর জন্য প্রস্তুত। স্মার্ট টেক্সটাইলগুলো হল একটি কাটিং-এডজ ইন্ডাস্ট্রি যার অ্যাথলিট থেকে শুরু করে ফার্স্ট রেসপন্ডার এবং মেডিকেল কর্মী পর্যন্ত অগুনতি পেশায় অ্যাপ্লিকেশন আছে।

এর আগে গভর্নর [ফ্যাশন ইনোভেশন সেন্টার (Fashion Innovation Center, FIC)](#) -এর জন্য 10 মিলিয়ন ডলার ঘোষণা করেছেন, যেটি নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত স্মার্ট ও টেকসই টেক্সটাইলগুলো কাজে লাগানোর জন্য একটি সহযোগিতামূলক প্রচেষ্টার প্রসার ঘটাবে। FIC সেইসব প্রকল্পগুলোর উমেদারি, মূল্যায়ন এবং তদারকি করবে যা ইন্ডাস্ট্রির প্রতিবন্ধকতাগুলো সমাধানে এবং সুযোগগুলোর প্রতি নজর রাখে, সেইসাথে তাদের প্রাধান্য দেবে যারা নিউ ইয়র্ক

স্টেটের শস্য এবং উপকরণের ইনপুট এবং ফ্যাশন ও টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে স্থিতিশীলতা ত্বরান্বিত করতে কাল্টিভেটিং প্রযুক্তি ব্যবহার জড়িয়ে রাখছে। একটি প্রতিযোগীতামূলক প্রক্রিয়ার মাধ্যমে, FIC ইন্ডাস্ট্রির লিডার এবং ইনোভেশন ও সহায়ক প্রকল্পগুলোর মধ্যে একটি জটিল সংযোগের সুযোগ দিয়ে, নিউ ইয়র্ক স্টেটের ফ্যাশন ইন্ডাস্ট্রির ছোট ব্যবসাগুলোকে অর্থায়ন করবে, ইন্ডাস্ট্রির স্থিতিশীলতা উন্নত করাই যার লক্ষ্য।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418